- Abstract Noun টিকে Personify করা হলে তা Proper Noun এর মত কাজ করে।
  Example: He is a man of Fortune.

Potential Questions & Answers

01. He is a man of___.
(a) parts (b) parting (c) parted (d) part

02. An antonym of 'Abstract is-'
(a) Abuse (b) Concrete (c) Abstruse (d) Refrain

03. I recognized your voice at once.
(a) Common (b) Proper (c) Collective (d) Abstract

04. What kind of noun is 'Cattle'?
(a) Proper (b) Material noun (c) Abstract noun (d) Collective noun

05. What kind of noun is 'Discipline'?
(a) Abstract noun (b) Collective noun (c) Proper noun (d) Common noun

06. The word 'Agency' is a/an–
(a) Common noun (b) Collective noun (c) Proper noun (d) Abstract noun

07. Nelson is famous for his victory at Trafalgar.
(a) Proper noun (b) Common noun (c) Collective noun (d) Abstract noun

08. The charity of Hatem Tai is known to all. The underlined word is-
(a) Collective noun (b) Material noun (c) Common noun (d) Abstract noun

09. What kind of noun is 'journey'
(a) Proper noun (b) Common noun (c) Collective noun (d) Abstract noun

10. The word 'poetry' is___.
(a) a countable noun (b) an uncountable noun (c) a plural noun (d) an abstract noun

11. Which of the following is a compound noun?
(a) Bay of Bengal (b) Team (c) Sunlight (d) Country

12. Which one is a compound noun–
(a) Headmaster (b) Information (c) Friday (d) Examination

13. People from all walks of life all ended the meaning, The underlined words is a/an
(a) adjective (b) verb (c) noun (d) adverb

14. You have no right to do it. The underlined word is–
(a) an adjective (b) a noun (c) an adverb (d) a verb

15. 'Meat' is a/an –
(a) Common noun (b) Abstract noun (c) Proper Noun (d) Material noun

16. The police dispersed the crowd. Here the word 'crowd' is a–
(a) proper noun (b) common noun (c) collective noun (d) abstract noun

17. What kind of noun is 'knowledge'?
(a) proper (b) material (c) abstract (d) common

18. To ride well requires practices. The underlined part is ___ phrase.
(a) a noun (b) an adjective (c) a prepositional (d) an adverbial

19. Which of the following is not an abstract noun?
(a) Goodness (b) Family (c) Bravery (d) Childhood

20. ___ of the history of words is called etymology?
(a) The study (b) Study (c) Studying (d) To study

Answers	01	a	02	b	03	?	04	d	05	a	06	d	07	d	08	c	09	b	10	?
	11	c	12	a	13	c	14	b	15	d	16	c	17	?	18	a	19	b	20	a

[বিশেষ দ্রষ্টব্য: সুপ্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।

Gender

BCS Previous Years' Questions & Answers

01. Which gender is the word 'orphan'? [43rd BCS]
(a) neuter (b) feminine (c) common (d) masculine

02. Which one of the following is common gender? [41st BCS]
(a) king (b) sovereign (c) emperor (d) queen

03. Which one of the following words is Masculine? [40th BCS]
(a) Mare (b) lad (c) pillow (d) pony

04. What is the Masculine gender of "mare"? [36th BCS]
(a) Mermaid (b) Bear (c) Stallion (d) Dog

Answers	01	c	02	b	03	b	04	c

Gender

ইংরেজি ভাষায় এমন কিছু শব্দ আছে যেগুলো দিয়ে শুধু পুরুষ বা নারীকে বুঝায় অথবা উভয়কে বুঝায় অথবা এদের কাউকে না বুঝিয়ে অন্য কোনো অচেতন পদার্থকে বুঝায়। এই শব্দ বা Word গুলোকে Gender বলে।
Gender প্রধানত চার প্রকার। যথা:

i. Masculine gender (পুং লিঙ্গ) **ii. Feminine gender (স্ত্রী লিঙ্গ)**

iii. Common gender (উভয় লিঙ্গ) **iv. Neuter gender (ক্লীব লিঙ্গ)**

Gender পরিবর্তন হয়ে থাকে সাধারণত Masculine থেকে Feminine বা Feminine থেকে Masculine এর মধ্যে। আর সম্পূর্ণ ভিন্ন শব্দ ব্যবহার করে অধিকাংশ ক্ষেত্রে এ পরিবর্তন করা হয়। যেমন-

Masculine	Feminine	Masculine	Feminine
Bachelor (অবিবাহিত পুরুষ)	**Spinster** (অবিবাহিত নারী)	Lad (বালক)	Lass (বালিকা)
Beau (সুন্দর পুরুষ)	**Belle** (সুন্দর নারী)	Monk, Friar (মঠবাসী)	Nun (মঠবাসিনী)
Boar (শূকর)	Sow (শূকরী)	Sloven (নোংরা ও অগোছালো পুরুষ)	Slut (নোংরা ও অগোছালো মহিলা)
Buck (হরিণ)	Doe (হরিণী)	**Stag** (হরিণ)	**Hind** (হরিণী)
Drake (পাতিহাঁস)	Duck (পাতিহাঁসী)	Swain (যুবক)	Nymph (যুবতী)
Drone (পুং মৌমাছি)	**Bee** (স্ত্রী মৌমাছি)	**Tailor** (দর্জি)	**Seamstress** (মহিলা দর্জি)
Gander (রাজহংস)	Goose (রাজহংসী)	Wizard (যাদুকর)	Witch (যাদুকরী)

কিছু Noun আছে যাদের Masculine form-এ মূল শব্দের কোন পরিবর্তন না করে শুধু মাত্র শেষে 'ess' যোগ করে Feminine form গঠন করা যায়। যেমন-

Masculine	Feminine	Masculine	Feminine
Heir (উত্তরাধিকারী)	**Heiress** (উত্তরাধিকারিনী)	Manager (ব্যবস্থাপক)	Manageress (মহিলা ব্যবস্থাপক)
Patron (পৃষ্টপোষক)	Patroness (মহিলা পৃষ্ঠপোষক)		

যেসব Noun এর Masculine gender এর শেষে or, er, ro, ary রয়েছে, তাদেরকে Feminine gender এ পরিবর্তন করার জন্য e, o, a উঠিয়ে দিয়ে 'r' এর পর 'ess' যোগ করতে হয়। যেমন-

Masculine	Feminine	Masculine	Feminine
Hunter (পুরুষ শিকারি)	Huntress (মহিলা শিকারি)	**Tiger** (বাঘ)	**Tigress** (বাঘিনী)
Tutor (শিক্ষক)	Tutress/Tutoress (শিক্ষিকা)	Waiter (পরিচারক)	Waitress (পরিচারিকা)

সাধারণত Compound noun এর Masculine অংশকে Feminine এ রূপান্তর করে gender পরিবর্তন করা হয়। এই পরিবর্তন Compound noun এর প্রথম অংশে বা দ্বিতীয় অংশে হতে পারে। যেমন-

Masculine	Feminine	Masculine	Feminine
Billy-got (পাঠা)	Nanny-got (পাঠী)	Jack-ass (পুরুষ গাধা)	She-ass (মাদী গাধা)
Milk-man (গোয়ালা)	Milk-maid (গোয়ালিনী)		

কিছু Noun আছে যাদের Masculine gender থেকে Feminine gender-এ রূপান্তরের কোনো সুনির্দিষ্ট নিয়ম নেই। যেমন-

Masculine	Feminine	Masculine	Feminine
Abbot (মঠাধ্যক্ষ)	**Abbess** (মঠাধ্যক্ষা)	**Duke** (সম্ভ্রান্ত পুরুষ)	**Duchess** (সম্ভ্রান্ত নারী)
Marquis/Marquess (সম্ভ্রান্ত ব্যক্তি)	Marchioness (সম্ভ্রান্ত মহিলা)	Master (কুমার)	Miss (কুমারী)

ইংরেজি ভাষায় কতগুলো বিদেশি শব্দ যেগুলো তাদের Feminine form সহ ইংরেজিতে আত্তীকৃত হয়েছে। নিচে এগুলোর একটি তালিকা দেওয়া হলো। যেমন-

Masculine	Feminine	Masculine	Feminine
Administrator (পরিচালক)	Administratrix (পরিচালিকা)	Czar (রাশিয়ার সম্রাট)	Czarina (রাশিয়ার সম্রাজ্ঞী)
Comedian (কৌতুক অভিনেতা)	Comedienne (কৌতুক অভিনেত্রী)	Don (মহাশয়)	Dona (মহাশয়া)
Signor (ইতালিয় ভাষায় ব্যবহৃত পুরুষদের সৌজন্যমূলক সম্বোধন)	Signora (ইতালিয় ভাষায় ব্যবহৃত মহিলাদের সৌজন্যমূলক সম্বোধন)	Viceroy (রাজপ্রতিনিধি)	Vicereine (মহিলা রাজপ্রতিনিধি)

➔ এছাড়াও **Noun এর gender** সম্পর্কিত কিছু বিশেষ নিয়মাবলি আছে।

এমন কিছু Noun আছে যেগুলো শুধু Masculine হয় কিন্তু Feminine হয় না। যেমন-

Chairman (সভাপতি)	Knight (বীর)	Coward (কাপুরুষ)	Parson (পাদ্রী)
Judge (বিচারক)	**Squire** (সম্ভ্রান্ত পুরুষ)		

আবার এমন কিছু Noun আছে যেগুলো দ্বারা শুধু Feminine gender কে বোঝানো হয়, এবং এদের কোনো Masculine form নেই। যেমন-

Amazon (নারী সৈনিক)	Nurse (সেবিকা)	Blonde (সোনালী চুল ও বর্ণ বিশিষ্ট রমণী)	Prude (কৃত্রিম লজ্জাবতী)
Brunette (কালো চুল ও চোখ বিশিষ্ট রমণী)	**Shrew** (কলহপ্রিয় মহিলা), **Siren** (কুহকিনী)	Coquette (ছিনাল মহিলা)	Termagant (ঝগড়াটে মহিলা)
Flirt (ছিনাল)	Virgin (অবিবাহিত পবিত্র নারী)	Laundress (ধোপানী)	

এমন কিছু Noun আছে যেগুলো স্ত্রী-পুরুষ উভয়ের ক্ষেত্রে প্রয়োগ করা যায় এবং এজন্যই তাদেরকে Common gender বলা হয়। যেমন-

Beggar (ভিখারী বা ভিখারিণী)	Parent (পিতা বা মাতা)	Baby (ছেলে বা মেয়ে)	Monarch (সম্রাট বা সম্রাজ্ঞী)
Chairperson (পুরুষ/মহিলা সভাপতি)	Orphan (এতিম বালক বা বালিকা)	Captain (পুরুষ/মহিলা অধিনায়ক)	**Spouse** (স্বামী বা স্ত্রী)
Deer (হরিণ বা হরিণী)	**Sovereign** (সার্বভৌমত্ব)	Enemy (পুরুষ বা মহিলা শত্রু)	

উল্লেখযোগ্য শক্তি বা ক্ষমতার অধিকারী বিষয়গুলো প্রায়শ Masculine Gender হয়। আর সৌন্দর্য ও মাধুর্য প্রকাশক বিষয়গুলি Feminine Gender হয়।

Masculine				Feminine					
Sun	Death	Time	Fear	Earth	Spring	Liberty	Nature	Autumn	Church
Winter	War	Day	Thunder	Hope	Solitude	Religion	Mercy	Night	Virtue
Summer	Danger	Revenge	Rage	Moon	Love	Modesty	Justice	Truth	Beauty

বি.দ্র: এছাড়াও দেশের নাম, বিমান, ট্রেন, জাহাজ ইত্যাদির নামকে Feminine gender হিসেবে ধরা হয়।

Common Gender: যে Noun দ্বারা পুরুষ বা স্ত্রীবচক উভয়কে বুঝায় তাকে Common Gender বলে। যেমন: Friend, Student, Orphan, Infant, Deer, Child, Teacher, Sovereign, Person, Baby ইত্যাদি।

নিচে কিছু গুরুত্বপূর্ণ Common Gender এর Masculine এবং Feminine form দেওয়া হলো:

Common	Masculine	Feminine
Sibling	Brother	Sister
Spouse	Husband	Wife
Parent	Father	Mother
Deer	Hart, Stag, Buck,	Roe, Hind, Doe,
Sheep	Ram	Ewe
Servant	Man-servant	Maid-servant
Server	Waiter	Waitress

Neuter Gender: যে Noun দ্বারা প্রাণহীণ বা জড় পদার্থকে বুঝায় তাকে Neuter Gender বলে। তবে প্রাণহীন না হওয়া সত্ত্বেও Newborn baby এবং Lower Animals (Dog, Cat, Bird, Mouse etc) কে সর্বদা Neuter Gender হিসেবে গণ্য করা হয়। এদের Singular Pronoun হিসেবে it, its ব্যবহৃত হয়। যেমন:

The cat ate its meal.
The child cried for its mother.

Potential Questions & Answers

01. Which of the following is a common gender?
(a) calf (b) ram (c) boar (d) sow

02. The Feminine of 'Ram' is–
(a) Ewe (b) Hind (c) Mare (d) Mare

03. Which one of the following is masculine gender?
(a) Stag (b) Doe (c) Roe (d) Vixen

04. Which of the noun is used in the feminine form?
(a) Anger (b) Time (c) Moon (d) None

05. Find out the feminine gender?
(a) Tutor (b) Duck (c) Bachelor (d) Prince

06. What is the feminine gender of the word 'earl'?
(a) lady (b) queen (c) countess (d) heroine

07. Which one is opposite gender of Beau?
(a) Boar (b) Doe (c) Belle (d) Bee

08. Which of the following is masculine gender?
(a) Mare (b) Duck (c) Deer (d) Buck

09. The masculine gender of 'hind' is___.
(a) Stage (b) Stag (c) Hindes (d) Hindress

10. Feminine gender of 'Wizard' is–
(a) Wizardess (b) Witch (c) Acrobat (d) Female wizard

11. Which one is the correct masculine form of 'she-ass'?
(a) He-ass (b) Pea-ass (c) Jack-ass (d) Jhone-ass

12. Which one is masculine gender?
(a) Slut (b) Spring (c) Liberty (d) Swain

13. Which of the following nouns is used in the masculine form?
(a) Time (b) Autumn (c) Moon (d) Peace

14. Which of the following is a neuter gender?
(a) Rooster (b) Server (c) Stallion (d) Waiter

15. What is Gender of 'tree'?
(a) Common gender (b) Masculine gender (c) Neuter gender (d) Feminine gender

16. Which of the following is always feminine?
(a) fowl (b) foal (c) spouse (d) shrew

17. Which one is masculine form?
(a) Roe (b) Mare (c) Niece (d) Drake

18. Which one of the following is a masculine gender?
(a) doe (b) wizard (c) testatrix (d) friend

19. What is the feminine gender of 'swain'?
(a) swainess (b) witch (c) nymph (d) bitch

20. The feminine gender of 'Don' is ___.
(a) dona (b) donni (c) donne (d) donna

Answers.	01	a	02	a	03	?	04	c	05	b	06	c	07	c	08	d	09	?	10	b
	11	c	12	d	13	a	14	b	15	c	16	d	17	?	18	b	19	c	20	a

[বিশেষ দ্রষ্টব্য: সুপ্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]

Number

BCS Previous Years' Questions & Answers

01. What is the plural form of 'sheep'? [44th BCS]
(a) sheeps (b) sheep (c) shepes (d) sheepses

02. Hasan has read most of the ___ of Shakespeare: [42nd BCS]
(a) poem (b) play (c) drama (d) works

03. Identify the word that remains same in plural form: [42nd BCS]
(a) deer (b) horse (c) elephant (d) tiger

04. Which word is correct? [42nd BCS]
(a) Furnitures (b) Informations (c) Sceneries (d) Proceeds

05. Identify the word that can be used as both singular and plural: [41st BCS]
(a) wood (b) issue (c) fish (d) light

06. Identify the word which remains the same in its plural form: [40th BCS]
(a) aircraft (b) intention (c) mouse (d) thesis

07. What is the plural number 'ovum'? [39th BCS]
(a) ovams (b) ovumes (c) ovums (d) ova

08. What is the plural form of the word 'louse'? [38th BCS]
(a) louses (b) lice (c) lices (d) licess

09. Which one of the following words is in singular form? [38th BCS]
(a) agenda (b) oases (c) radius (d) formulae

10. Which one of the following words is in singular form? [37th BCS]
(a) formulae (b) agenda (c) oases (d) radius

11. In order to improve farming methods, we need___. [24th BCS (Cancelled)]
(a) machine (b) machinery (c) a machinery (d) machineries

Answers	01	b	02	d	03	a	04	d	05	c	06	a	07	d	08	b	09	c	10	d	11	b

Number

যে কোনো ব্যক্তি, বস্তু বা প্রাণীর সংখ্যাকে Number বলে। Number প্রধানত দুই প্রকার: **(1)** Singular Number এবং **(2)** Plural Number. তবে একটি বিষয় বিশেষভাবে মনে রাখতে হবে যে, শুধু Noun এবং Pronoun এর Number এর পরিবর্তন হয়।

কোন Noun কে Singular Number থেকে Plural Number এ রূপান্তরিত করার কতগুলো সুনির্দিষ্ট নিয়ম আছে।

01 সাধারণত কিছু **Singular noun** আছে যেগুলোর শেষে শুধু **'s'** যোগ করে **Plural** করা যায়। যেমন-

Singular	Plural	Singular	Plural
Book	Books	Girl	Girls
Pen	Pens	Cat	Cats
Boy	Boys	Dog	Dogs

02 যেসব **Singular noun**-এর শেষে **s, ss, sh, ch, x, z** থাকে তাদের শেষে **'es'** যোগ করে **Plural** করা যায়। যেমন:

Singular	Plural	Singular	Plural
Bus	Buses	Branch	Branches
Ass	Asses	Fox	Foxes
Dish	Dishes	Fez (মরক্কোতে ব্যবহৃত এমন একধরনের ঐতিহ্যবাহী লাল রঙের টুপি)	Fezes

ব্যতিক্রম: তবে **ch**–এর উচ্চারণ যদি 'ক' এর মতো হয়, তাহলে তার শেষে শুধু **'s'** যোগ করে **Plural** করতে হয়। যেমন:

Singular	Plural	Singular	Plural
Stomach	Stomachs	Monarch (রাজা/রানি)	Monarchs

03 Singular noun-এর শেষে f বা fe থাকলে Plural করার সময় f বা fe এর পরিবর্তে 'v' বসে এবং তারপর 'es' যোগ করে Plural করতে হয়। যেমন:

Singular	Plural	Singular	Plural
Half	Halves	Self	Selves
Knife	Knives	Sheaf (গুচ্ছ)	Sheaves
Loaf (পাউরুটির খণ্ডবিশেষ)	Loaves	Shelf	Shelves
Wolf	Wolves		

ব্যতিক্রম: কিন্তু Singular noun-এর শেষে if, ief, eef, oof, বা rf থাকলে শুধু 's' যোগ করে Plural করতে হয় । যেমন:

Singular	Plural	Singular	Plural
Belief	Beliefs	Gulf	Gulfs
Brief (সংক্ষিপ্ত বিবরণী)	Briefs	Proof	Proofs
Chief	Chiefs	Roof	Roofs
Dwarf	Dwarfs	Safe (সিন্দুক)	Safes

বি: দ্র. আবার এদের মধ্যে কতগুলো Singular noun এর শেষে 'ves' অথবা 's' উভয়ই যুক্ত করে Plural করতে হয়। যেমন:

Singular	Plural	Singular	Plural
Hoof (খুর)	Hoofs/Hooves	Wharf (জাহাজ ঘাটের জন্য ব্যবহৃত জায়গা)	Wharfs/Wharves
Scarf (ওড়না)	Scarfs/Scarves	Dwarf (বামন)	Dwarfs/Dwarves

04 যেসব Singular noun-এর শেষে o থাকে এবং o এর পূর্বে একটি Consonant থাকে, সে সকল Word এর শেষে 'es' যোগ করে Plural করা হয় আর o এর পূর্বে Vowel থাকলে শুধু 's' যোগ করে Plural করতে হয় যেমন:

Singular	Plural	Singular	Plural
Hero	Heroes	Cuckoo	Cuckoos
Echo (প্রতিধ্বনি)	Echoes	Studio	Studios
Bamboo	Bamboos		

ব্যতিক্রম: তবে কিছু Singular noun-এর শেষে o এবং o এর পূর্বে একটি Consonant থাকলে শুধু 's' যোগ করে Plural করতে হয়। যেমন:

Singular	Plural	Singular	Plural
Dynamo (বিদ্যুৎ উৎপাদক যন্ত্রবিশেষ)	Dynamos	Piano	Pianos
Photo	Photos		

05 যেসব Singular noun-এর শেষে y এবং y-এর পূর্বে Consonant রয়েছে, সেসব ক্ষেত্রে y এর পরিবর্তে 'i' এবং শেষে 'es' যোগ করে Plural করতে হয়। যেমন:

Singular	Plural	Singular	Plural
Army	Armies	Lady	Ladies
Country	Countries		

ব্যতিক্রম: কিন্তু y এর পূর্বে Consonant না থেকে যদি Vowel থাকে, তাহলে শুধু 's' যোগ করে Plural করতে হয়। যেমন:

Singular	Plural	Singular	Plural
Boy	Boys	Toy	Toys

06 কতগুলো Singular noun-এর মাঝের Vowel পরিবর্তন করে Plural করতে হয়। যেমন-

Singular	Plural	Singular	Plural
Foot	Feet	Tooth	Teeth
Goose (রাজহংসী)	Geese		

07 কিছু Singular noun-এর মাঝের Consonant এবং Vowel পরিবর্তন করে Singular থেকে Plural করতে হয়। যেমন-

Singular	Plural	Singular	Plural
Louse (উকুন)	Lice	Dormouse (ইঁদুর বা কাঠবিড়ালির মতো এক প্রকার ছোট প্রাণী)	Dormice
Mouse	Mice		

08 কিছু **Singular noun**-এর শেষে 'en' , 'ren' বা 'ne' যোগ করে **Plural** করতে হয়। যেমন:

Singular	Plural	Singular	Plural
Brother	Brethren (এখানে Brothers -ও গ্রহণযোগ্য হবে)	**Ox**	**Oxen**
Child	Children	Cow	Kine

09 কিছু কিছু **Singular noun** এর শেষে **um** থাকলে **Plural** করার সময় **um** এর পরিবর্তে 'a' বসবে। যেমন:

Singular	Plural	Singular	Plural
Addendum (পরিশিষ্ট, সংযোজন)	Addenda	Idolum (ভাবমূর্তি)	Idola
Agendum (আলোচ্য বিষয়)	Agenda	Medium (মাধ্যম)	Media
Bacterium (জীবাণু)	Bacteria	Memorandum (স্মারকলিপি)	Memoranda
Corrigendum (শুদ্ধিপত্র)	Corrigenda	Optimum (সর্বানুকূল অবস্থা)	Optima
Curriculum (পাঠ্যক্রম)	Curricula	Ovum (ডিম্বাণু)	Ova
Datum (তথ্য, উপাত্ত)	**Data**	**Referendum** (গণভোট)	**Referenda**
Dictum (সত্য বাণী, নীতিবাক্য)	Dicta	Symposium (আলোচনা সভা)	Symposia
Exemplum (দৃষ্টান্ত, উদাহরণ)	Exempla		

বি: দ্র: কিছু কিছু **Singular noun** এর শেষে **um** থাকলে **Plural** করার সময় **um** এর সাথে 's' যুক্ত করেও **Plural** করা যায়। যেমন:

Singular	Plural	Singular	Plural
Aquarium (কাঁচের মৎস্যাধার)	Aquaria/Aquariums	Forum (আলোচনা সভা)	Fora/Forums
Exordium (ভূমিকা)	Exordia/Exordiums	Gymnasium (ব্যায়ামাগার)	Gymnasia/Gymnasiums
Flagellum (বেত্রদণ্ড)	Flagella/ Flagellums	Ultimatum (চরমপত্র,শেষ শর্ত	Ultimata/Ultimatums

10 **Singular noun** এর শেষে **us** থাকলে **Plural** করার সময় **us** এর পরিবর্তে 'i' বসবে অথবা **us** এর পরে 'es' যোগ করতে হবে । যেমন:

Singular	Plural	Singular	Plural
Alumnus (প্রাক্তন ছাত্র)	Alumni	Radius (ব্যাসার্ধ)	Radii/radiuses
Focus (কেন্দ্র)	Foci/Focuses	Syllabus (পাঠ্যসূচি)	Syllabi/Syllabuses
Genius (প্রতিভাবান)	Genii/Geniuses		

11 যেসব **Noun** এর শেষে **on** রয়েছে তাদের **Plural**-এ রূপান্তরের ক্ষেত্রে **on** এর পরিবর্তে 'a' বসবে। যেমন:

Singular	Plural	Singular	Plural
Criterion (বিচারের মাপকাঠি)	Criteria	**Phenomenon** (ইন্দ্রিয়গোচর বস্তু/বিস্ময়কর ব্যক্তি বা ঘটনা)	**Phenomena**

12 **Singular noun** এর শেষে **is** থাকলে **Plural** করার সময় **is** এর পরিবর্তে 'es' বসবে । যেমন:

Singular	Plural	Singular	Plural
Analysis (বিশ্লেষণ)	Analyses	Hypothesis (অনুমান)	Hypotheses
Axis (অক্ষ)	Axes	**Oasis** (মরূদ্যান)	**Oases**
Basis (ভিত্তি)	Bases	Parenthesis (বন্ধনী)	Parentheses
Crisis (সংকট)	Crises	Thesis (গবেষণামূলক প্রবন্ধ)	Theses

13 **Singular noun** এর শেষে **u** থাকলে **Plural** করার সময় 'x' অথবা 's' যোগ করে **Plural** করতে হয়। যেমন:

Singular	Plural	Singular	Plural
Adieu (বিদায়)	Adieux/Adieus	Plateau (মালভূমি)	Plateaux/Plateaus
Bureau (দপ্তর)	**Bureaus/ Bureaux**		

14 **Singular noun** এর শেষে **a** থাকলে **Plural** করার সময় **a** এর সাথে 's', 'e' অথবা 'ta' যোগ করে **Plural** করতে হয়। যেমন:

Singular	Plural	Singular	Plural
Alumna (প্রাক্তন শিক্ষার্থী)	Alumnae	Vertebra (কশেরুকা)	Vertebrae
Dogma (ধর্মমত, মতবাদ)	Dogmas/ Dogmata		

15 Singular noun এর শেষে ix বা ex থাকলে Plural করার সময় ix বা ex এর পরিবর্তে 'ices' অথবা 'es' যোগ করে Plural করতে হবে। যেমন:

Singular	Plural	Singular	Plural
Appendix	Appendices/ Appendixes	Index (সূচক, নির্ঘণ্ট)	Indices/Indexes

16 কিছু কিছু Singular noun নিয়ম বহির্ভূত বা ব্যতিক্রম ভাবে Plural করা যায়। যেমন:

Singular	Plural	Singular	Plural
Bandit (দস্যু)	Banditti/Bandits	Seraph (দেবদূত)	Seraphim/Seraphs
Mr.	Messrs	Mrs./Madam (ভদ্র মহিলা)	Mesdames

17 সংখ্যা, প্রতীক বা বর্ণের শেষে apostrophe ('s) যোগ করে Plural number-এ রূপান্তর করা যায়। যেমন:

Singular	Plural	Singular	Plural
M. A	M. A's	x	x's
Five	Five's		

18 কতগুলো Compound noun এর প্রধান অংশের সাথে 's' যোগ করে Plural Number করতে হয়। যেমন:

Singular	Plural	Singular	Plural
Brother-in-law	Brothers-in-law	Court-martial	Court-martials
Father-in-law	Fathers-in-law	Looker-on	Lookers-on
Step-brother	Step-brothers		

ব্যতিক্রম: কতগুলো Compound noun এর প্রত্যেকটি অংশের Plural করতে হবে। যেমন:

Singular	Plural	Singular	Plural
Lord-justice	Lords-justices	Woman-novelist	Women-novelists

19 কতগুলো Noun আছে যাদের Singular-এ একরকম অর্থ এবং Plural-এ ভিন্নরকম অর্থ হয়। যেমন:

Singular	Plural	Singular	Plural
Arm (বাহু)	Arms (বাহুসমূহ)	Part (অংশ)	Parts (অংশসমূহ)
	Arms (অস্ত্রশস্ত্র)		Parts (গুণ)
Colour (রঙ)	Colours (রঙসমূহ)	Proceed (অগ্রসর হওয়া)	Proceeds (আয় / লাভ)
	Colours (পতাকাসমূহ)	Spectacle (দৃশ্য)	Spectacles (দৃশ্যাবলি)
Custom (রীতিনীতি)	Customs (রীতিনীতিসমূহ)		Spectacles (চশমা)
	Customs (শুল্কসমূহ)	Work (কাজ / কাজ করা)	Works (সাহিত্যকর্ম, যেমন- নাটক, কবিতা, গান)
Number (সংখ্যা)	Numbers (সংখ্যাগুলো)		
	Numbers (কবিতা)	Minute (মিনিট)	Minutes (সভার কার্যবিবরণী)

20 কতগুলো Singular noun আছে যেগুলো Plural করলে সম্পূর্ণ অন্য রকম অর্থ দাড়াবে। যেমন:

Singular	Plural	Singular	Plural
Advice (উপদেশ)	Advices (সংবাদ,তথ্য)	Machinery (যন্ত্রপাতি)	Machineries (যন্ত্রাংশ)
Air (বাতাশ, আকাশ)	Airs (গর্বিত ভাব)	Return (প্রত্যাবর্তন)	Returns (বিবরণী)

21 আমরা ইতঃপূর্বে আলোচনা করেছি যে, Number এর পরিবর্তন শুধু Noun এবং Pronuon এর মধ্যে হয়। এতক্ষণ আমরা Noun এর Number পরিবর্তন নিয়ে আলোচনা করেছি। এখন কিছু Pronuon কে Singular number থেকে Plural number এ রূপান্তরিত করে দেখানো হলো।

Singular	Plural	Singular	Plural
I	We	He/She	They
My	Our	It	They
Mine	Ours	His/Her	Their
Me	Us	Its	Their
You	You	This	These
Your	Your	That	Those

কোন **Noun** কে **Singular number** থেকে **Plural number** এ রূপান্তরিত করা ছাড়াও **Singular** এবং **Plural number** এর কতগুলো **Practical usage** আছে।

♣ কিছু কিছু **Noun** আছে যেগুলো সব সময়ই **Singular number** হিসেবে ব্যবহৃত হয়। যেমন:

Abuse (অপব্যবহার, অমর্যাদা)	Furniture (আসবাবপত্র)	**Offspring** (বংশধর)	Traffic (যানবাহন)
Advice (উপদেশ)	Information (তথ্য)	Poetry (কাব্য)	Soap (সাবান)
Alphabet (বর্ণমালা)	Issue (প্রশ্ন/বিষয়)	Scenery (দৃশ্যাবলী)	Money (টাকা)
Bread (রুটি)	Knowledge (জ্ঞান)	Machinery (যন্ত্রপাতি)	Luggage (ভ্রমণকারীর মালপত্র)
Research (গবেষণা)			

বি.দ্র. প্রায় সকল Uncountable Noun, Singular Number হিসেবে ব্যবহৃত হয়।

♣ কিছু কিছু **Noun** এর **Plural form**-এর বানানের কোন পরিবর্তন হয় না, এগুলোর **Singular** এবং **Plural form** একই রকম থাকে। যেমন:

Canon (ধর্মীয় অনুশাসন)	Dozen	Score (দাগ)	Swine (শূকর)
Cannon (কামান)	**Fish**	Series (ক্রম)	Thousand
Corps (সৈন্যবাহিনীর ভাগ বিশেষ)	Hundred Pice (উপমহাদেশীয় মুদ্রার একক)	**Sheep** (ভেড়া)	Means (উপায়/মাধ্যম)
Deer	Public	Species (প্রজাতি)	Gross (বারো ডজন)

ব্যতিক্রম: তবে **Dozen, Hundred, Score, Thousand** দ্বারা অনির্দিষ্ট সংখ্যা বুঝালে 's' হবে। যেমন:

Some dozens (অনির্দিষ্ট)	Many dozens (অনির্দিষ্ট)	Hundreds of time (অনির্দিষ্ট)	Thousands of people (অনির্দিষ্ট)

♣ কিছু **Noun** আছে যেগুলো দেখতে **Singular number** হলেও সেগুলো সব সময় **Plural number** হিসেবে ব্যবহার করা হয়। যেমন:

Aristocracy (আভিজাত্য)	Gentry (কোমল)	Majority (সংখ্যাগরিষ্ঠ)	Poultry (হাস-মুরগি)
Artillery কামান/গোলাবারুদ)	Folk (লোকজন)	Nobility (আভিজাত্য)	Public (সর্বজনীন)
Cattle (গবাদি পশু)	Government (সরকার)	People (মানুষ)	Tenantry (ভাড়াটিয়া)
Clergy (খ্রিষ্টান ধর্মযাজক)	Mankind (মানবজাতি)	Police (পুলিশ)	Vermin (ইঁদুর/ফসলের জন্য ক্ষতিকারক প্রাণী)

♣ কিছু কিছু **Noun** দেখতে **Plural number** এর মতো হলেও এগুলো **Singular number** এর মতো ব্যবহৃত হয়। যেমন:

Ethics (নীতিশাস্ত্র)	Innings (কর্মজীবন)	News (সংবাদ)	Politics (রাজনীতি)
Gallows (ফাঁসিকাষ্ঠ)	Mathematics (গণিত)	Physics (পদার্থবিদ্যা)	Statistics (পরিসংখ্যান)

♣ কতগুলো **Noun** সব সময় **Plural number** হিসেবে ব্যবহৃত হয়। যেমন:

Alms (ভিক্ষা)	Breeches (পায়জামা বিশেষ)	Savings (সঞ্চয়)	Vitals (জীবদেহের অতি প্রয়োজনীয় অঙ্গপ্রতঙ্গ সমূহ)
Amends (সংশোধন)	Environs (পরিবেশ)	Scissors (কাঁচি)	Spectacles (চশমা)
Aborigines (আদিবাসী)	Fetters (শিকল, শৃঙ্খল)	Mumps (গলায় বেদনা দায়ক স্ফীতিযুক্ত ছোঁয়াচে রোগ বিশেষ)	Surroundings (চারপাশের পরিবেশ)
Ashes (ছাই)	**Measles** (হাম)	Nuptials (বিবাহ সম্পর্কিত বিষয়াবলি)	Tidings (সংবাদ)
Assets (সম্পদ)	Poultry (হাস-মুরগি)	**Proceeds** (আয়/লাভ)	Trousers (পায়জামা)
Bowels (অন্ত্র)	Belongings (জিনিসপত্র)		

Potential Questions & Answers

01. What is the plural of 'Criterion'?
(a) Criterions (b) Criteria (c) Criteriones (d) Criterias

02. The plural form of 'Oasis' is
(a) oasises (b) oasis (c) oasess (d) oases

03. The plural form of 'Nucleus' is–
(a) Nucleuses (b) Nucleuausy (c) Nuclei (d) Nucleis

04. The plural of 'Fez' is–
(a) Fez (b) Fezees (c) Feezes (d) Fezes

05. Which one is a singular number?
(a) New (b) Samples (c) Effects (d) Axis

06. The plural form of 'Genus'–
(a) Genera (b) Genas (c) Genuses (d) Genis

07. The plural form of 'mouse' is–
(a) mouses (b) mices (c) mouse (d) mice

08. Which one of the following is in plural form?
(a) Coppus (b) Locus (c) Data (d) Radius

09. What is the plural number of 'Formula'?
(a) Formules (b) Formulae (c) Formulaes (d) Formulai

10. Which one is plural?
(a) Costum (b) Terminus (c) Vertex (d) Bureaux

11. What is the plural form of 'Mr.'?
(a) Mrs. (b) Misters (c) Ms. (d) Messrs

12. Which one of the following is a plural noun?
(a) news (b) mathematics (c) crises (d)economics

13. Select the plural number?
(a) index (b) goose (c) issue (d) quarters

14. Which one is always used as singular?
(a) staff (b) house (c) bread (d) custom

15. Which one is singular Number?
(a) Appendixes (b) Seraphim (c) Money (d) Radii

16. Which of the following is in plural noun?
(a) datum (b) arms (c) analysis (d) radius

17. What is the plural of 'deer'?
(a) deers (b) deerese (c) deeres (d) deer

18. Choose the word which do not have a plural–
(a) mouse (b) intension (c) woman (d) information

19. Which of the following words is not plural?
(a) Plateaus (b) Geese (c) Syllabus (d) Lice

20. Which of the following is not a singular number?
(a) Analysis (b) Poetry (c) Cattle (d) Machinery

21. The plural form of the letter 't' is–
(a) ts' (b) t's (c) ts (d) t

22. Correct Plural form of Half is:
(a) Halfs (b) Halffs (c) Halve (d) Halves

23. Which one is plural?
(a) Poetry (b) Traffic (c) Princes (d) Princess

24. The plural of 'Radius' is–
(a) radic (b) radi (c) radies (d) radii

25. What is the singular of 'corps'?
(a) corps (b) corp (c) corpe (d) corpes

Answers																				
	01	b	02	d	03	c	04	d	05	d	06	a	07	d	08	?	09	b	10	d
	11	d	12	c	13	d	14	?	15	c	16	b	17	d	18	d	19	c	20	c
	21	?	22	d	23	c	24	d	25	a										

[বিশেষ দ্রষ্টব্য: সুপ্রিয় বিসিএস প্রার্থী, উত্তরমালায় কিছু প্রশ্নের উত্তর না দেয়া থাকলেও আমরা বিশ্বাস করি আপনারা পরিপূর্ণ আত্মবিশ্বাসের সাথেই সঠিক উত্তরে বৃত্ত ভরাট করতে পারবেন।]

The Pronoun

BCS Previous Years' Questions & Answers

01. 'Who's that?' in this sentence 'that' is a/an- **[41st BCS]**
(a) pronoun (b) conjunction (c) adjective (d) adverb

02. Which one of the following words is an example of a distributive pronoun? **[38th BCS]**
(a) such (b) either (c) that (d) any

03. My uncle has three sons— work in the same office. Which of the following is the best form of Pronoun in the above sentence? **[15th BCS]**
(a) all to them (b) Each (c) they all (d) all of whom

04. Who, Which, What are – **[12th BCS]**
(a) Demonstrative pronouns (b) Relative Pronouns
(c) Interrogative pronouns (d) Both (b,c)

Answers	01	a	02	b	03	d	04	d

Pronoun

Noun এর পরিবর্তে যে সকল Word ব্যবহৃত হয়, তাদেরকে Pronoun বলে। যেমন:

- Munir is a student. He is in class six.
- He learns his lessons regularly. Everybody likes him.

উপরের Sentence গুলোতে ব্যবহৃত he, his, him, word গুলো Noun-Munir-এর পরিবর্তে ব্যবহৃত হয়েছে। তাই এগুলোকে Pronoun বলা হয়।

Kinds of Pronouns

Pronoun প্রধানত ৯ প্রকার:

Kinds of Pronoun	Examples
01. Personal Pronoun	I, we, you, he, they
02. Reflexive and Emphatic Pronouns	Myself, himself, herself, yourself
03. Indefinite Pronoun	Any, one, anyone, many, everyone, no one,
04. Relative Pronoun	Who, which, whom, whose, that
05. Demonstrative Pronoun	This, that, these, those
06. Interrogative Pronoun	Who, which, what, whose
07. Distributive Pronoun	Each, either, neither
08. Reciprocal Pronoun	Each other, one another
09. Possessive Pronoun	Mine, ours, yours, his, hers, theirs

01. Personal Pronoun

যে সকল Pronoun কোন ব্যক্তি বা বস্তুর পরিবর্তে ব্যবহৃত হয় তাদেরকে Personal Pronoun বলে। সাধারণত I, we, you, he, she, it, they এই সাতটিকে Personal Pronoun বলা হয়। যেমন:

- John took the book and opened it. (book→it)
- He rang Salma and invited her. (Salma→her)
- Why are you crying, Mithu? (Mithu→you)
- My father is fat- he weighs over 100 k.g. (My father→he)

Person অনুসারে **Personal Pronoun** কে তিন ভাগে ভাগ করা যায়। যথা:

(a) Personal Pronouns of First Person: Grammar এর ভাষায়-যিনি কোন কথা বলেন, তিনি হলেন First person, আর First person হিসেবে ব্যবহৃত Pronoun-গুলোকে বলা হয় Personal pronouns of first person। যেমন: I, we etc.

(b) Personal Pronouns of Second Person: যাকে কোন কিছু বলা হয় তিনি হলেন Second person, আর Second person হিসেবে যে Pronoun গুলো ব্যবহার করা হয় তাদেরকে বলা হয় Personal pronouns of second person. যেমন: You

(c) Personal Pronouns of Third Person: অনুপস্থিত কোন ব্যক্তি সম্পর্কে কিছু বলা হলে তিনি হলেন Third person, আর Third person হিসেবে ব্যবহৃত pronoun গুলোকে বলা হয় Personal pronouns of third person. যেমন: He, she, it, they Number, person ও case-এর পরিবর্তনের সাথে সাথে Personal pronouns-এর রূপের পরিবর্তন হয়।

Case	First Person		Second person		Third Person	
Nominative	Singular	Plural	Singular	Plural	Singular	Plural
	I	We	You	You	He, she, it	They
Objective	Me	Us	You	You	Him, her	them
Possessive	My	Our	Your	Yours	His, her, it	Their
	Mine	Ours	Your	Yours	His, hers, its	Theirs

বি.দ্র:

i. Personal Pronoun গুলোর Subjective রূপে (যেমন- I, we, you, he, she, it, they) সাধারণত Sentence এর প্রথমে Verb এর Subject হিসেবে ব্যবহৃত হয়। যেমন:

- I don't know what to do.
- I, you, he and she will do it together

পক্ষান্তরে, Personal Pronoun এর Objective রূপ যেমন: me, us, you, him, her, it, them সাধারণত Verb এর Direct বা Indirect object হিসেবে ব্যবহৃত হয়। যেমন:

- Can you give **me** some more cake?
- My mother washed **me** with cold water.

ii. Personal pronoun এর Possessive form–এর দু'টি রূপ রয়েছে।

একটি রূপ যেমন: My, our, your, his, her, their, its এরা সাধারণত কোন Noun–এর আগে বসে **Adjective** এর ন্যায় ব্যবহৃত হয়। সে জন্য এগুলোকে Pronominal adjective বা Possessive adjective বলা হয়। যেমন:

- These are their pens.
- That is her doll.

অপর রূপটি হলো: Mine, ours, yours, his, hers, theirs ইত্যাদি। এগুলো Verb এর পরে বসে এবং **Pronoun** এর কাজ করে। সে জন্য এগুলোকে বলা হয় Possessive pronoun. এদের পরে কোন Noun ব্যবহৃত হয় না। যেমন:

- Teachers are more respectable to their students.
- There was a big group, a dozen people at the next to theirs.

02. Reflexive and Emphatic Pronouns

Reflexive Pronoun: Personal pronoun এর সাথে self বা selves যুক্ত হয়ে যখন উহা একই সাথে Subject এবং Object কে নির্দেশ করে, তখন তাকে Reflexive Pronoun বলে। যেমন:

- She killed herself. (সে আত্মহত্যা করেছিল)
- He hurt himself. (সে নিজেকে আঘাত করল)
- God helps them who help themselves. (প্রভু তাদের সাহায্য করেন যারা নিজেদেরকে সাহায্য করে।)

Reflexive Pronoun এর গঠন:

Person	Personal Pronoun	Reflexive Pronoun (singular)	Reflexive Pronoun (plural)
First	I, we	Myself	Ourselves
Second	Thou (তুই) You (তুমি) You (তোমরা)	Thyself Yourself	Yourselves
Third	He She They It	Himself Herself Itself	Themselves

◆ indefinite pronoun–one এর সাথে self যোগ করে reflexive pronoun –oneself গঠন করা হয়।

Use of Reflexive Pronouns

(i) Indirect object রূপে: He gave himself a dose of the medicine.

এখানে Himself = indirect object (প্রাণিবাচক) এবং Dose = direct object (বস্তুবাচক)

(ii) Preposition-এর object হিসেবে:

- He said to himself (= thought, ভাবনা), 'I can go now'.
- She looked at herself. (সে নিজের দিকে তাকাল।)
- We did it by ourselves. (= নিজেরা)

প্রত্যেক ক্ষেত্রেই reflexive pronoun এর আগে একটি Preposition ব্যবহৃত হয়েছে।

(iii) কতকগুলো Verb, reflexive pronoun সহ ব্যবহৃত হয়। যেমন:

avail	absent	pride	plume	exert

- He availed himself of the opportunity.
- She absented herself from the meeting.
- Do not pride yourself on your wealth.
- She plumes herself on her beauty.

Emphatic Pronouns: Noun বা Pronoun এর পরে বসে যে Pronoun তার ওপর জোর আরোপ করে তাকে Emphatic Pronoun বলে।

Emphatic Pronoun যে Noun এর ওপর জোর দিতে হবে তার ঠিক পরে বসে। যেমন:

- I met the president. (আমি প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎ করেছিলাম)
- I myself met the president. (আমি নিজেই প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎ করেছিলাম)

03. Indefinite Pronoun

অনির্দিষ্ট কোন ব্যক্তি বা বস্তুর পরিবর্তে যে সকল Pronoun ব্যবহৃত হয় তাদেরকে Indefinite pronoun বলে।

One, any, anyone, anybody, anything, everyone, everything, no one, none, nobody, some, both, somebody, someone, something, another, other ইত্যাদি Indefinite pronoun হিসেবে ব্যবহৃত হয়। যেমন:

- None but Allah can help us.
- Somebody has done it.
- One should do one's duty.
- I was there before anybody came.
- Something is better than nothing.

The uses of some Indefinite Pronouns

☞ **One/ones:** One কোন Sentence-এর Subject হিসেবে ব্যবহৃত হলে, ঐ একই Sentence-এ Nominative ও Objective case-এ one এবং Possessive case-এ One's ব্যবহৃত হয়। যেমন:

- One should do one's duty. (~~one should do his duty~~)
- One does not know when one will die. (~~when he will die~~)

☞ **None:** ব্যক্তি বা বস্তুর পরিবর্তে Singular/Plural উভয় Noun এর ক্ষেত্রে None ব্যবহৃত হয়। যেমন:

- None is happy in this world. ('none' as a singular subject)
- None are happy in this world. ('none' as a plural subject)

☞ **Any:** ব্যক্তি বা বস্তুর পরিবর্তে Interrogative এবং Negative Sentence-এ Singular/Plural উভয় Noun এর ক্ষেত্রে Any ব্যবহৃত হয়। যেমন:

- There were many beautiful shirts in the shop but I didn't buy any.
- I have no money in my pocket, have you any?

☞ **Some:** ব্যক্তির ক্ষেত্রে Plural countable noun-এর পরিবর্তে এবং বস্তুর ক্ষেত্রে Uncountable noun-এর পরিবর্তে Some ব্যবহৃত হয়।

Plural countable noun-এর ক্ষেত্রে Some এর পরবর্তী Verb-এর Plural number এবং Uncountable noun-এর ক্ষেত্রে Uncountable noun-এর Verb Singular number হয়। যেমন:

- There are many books on the table. →Some are new and some are old.
- Many people live in our village. →Some are happy and some are unhappy.
- Is there any milk in the pot? →Yes, some is left.

☞ **Many/few:** 'Many' ও 'few' Countable plural noun-এর ক্ষেত্রে ব্যবহৃত হয়। অধিক সংখ্যক বোঝাতে Many এবং অল্প সংখ্যক বোঝাতে few ব্যবহৃত হয়। উভয় ক্ষেত্রে Verb-এর Plural number হয়। যেমন:

- Many were called at the interview but few were chosen.
- The building has many flats but few are good.

☞ **Much/little:** 'Much' ও 'little' Uncountable noun-এর পরিবর্তে বসে। অধিক পরিমাণ বোঝাতে Much এবং অতি সামান্য পরিমাণ বোঝাতে little ব্যবহৃত হয়। উভয় ক্ষেত্রে Verb-এর Singular number হয়। যেমন:

- The little that I have seen of his work is satisfactory.
- Much has been said in favour of this book.

☞ **Another:** 'অন্য একটি' এ অর্থে Another কোন ব্যক্তি বা বস্তুর পরিবর্তে বসে। যেমন:

- I don't like this book. Please give me another.
- I don't want this pen. Show me another.

☞ **Others:** 'অন্য সকল' এ অর্থে Others ব্যক্তির পরিবর্তে ব্যবহৃত হয়। যেমন:

- Reza, Kamal and Samira are reading a story while others are writing a paragraph.

04. Relative Pronoun

যে সকল Pronoun কোন Noun বা Pronoun এর পরে বসে উক্ত Noun বা Pronoun কে নির্দেশ করে এবং একই সাথে Conjunction এর ন্যায় দুটি Sentence কে যুক্ত করে, তাদেরকে Relative pronoun বলে। যেমন:

I met Kamal. Kamal has just returned from abroad.	I met Kamal **who** has just returned from abroad.
This is a pen. I bought it yesterday.	This is the pen **which** I bought yesterday.
Here is a book. I got it yesterday	Here is the book **that** I got yesterday.

Note: সাধারণত who, which, what, that, whose, whom, Relative pronoun হিসেবে ব্যবহৃত হয়।

Relative pronoun এর ঠিক পূর্ববর্তী noun / pronoun কে Antecedent বলে। Antecedent -এর ঠিক পরে Relative pronoun বসে। উপরের Sentence গুলোতে ব্যবহৃত Kamal, pen, book যথাক্রমে who, which ও that এর Antecedent.

☞ Relative pronoun কে Linking বা Conjunctive pronoun বলা হয়, কারণ এরা Sentence-এর ব্যবহৃত Relative clause কে Main clause এর সঙ্গে সংযুক্ত করে। যেমন:

- I know the boy who came here yesterday.
- This is the book which/that belongs to my sister.

☞ Antecedent এর Number ও Person অনুসারে Relative pronoun এর পরবর্তী Verb এর রূপ নির্ধারিত হয় এবং Gender অনুসারে Person এর পরিবর্তন ঘটে। যেমন:

- It is you who **are** responsible for this.
- This is the lady that **lost** her bag.

The uses of some Relative pronouns

The use of 'Who'

☞ Relative pronoun হিসেবে who সাধারণত ব্যক্তির পরিবর্তে Singular এবং Plural উভয় Number এর ক্ষেত্রে ব্যবহৃত হয়। যেমন:

- The woman who lives next door is very friendly.
- The boy who came here yesterday is my son.
- I was expecting a friend who lives for away.

☞ Relative pronoun 'who' এর মাধ্যমে দু'টি Clause কে যুক্ত করা হয়। যেমন:

(i) I have some friends. They always help me.
→I have some friends who always help me.

(ii) Abdullah has got a job. He is my son.
→Abdullah who is my son has got a job.

☞ Relative 'who' এর object form হলো 'whom'। যেমন:

- The man whom I met yesterday is a doctor.
- The man whom I saw yesterday is a teacher.

☞ Relative pronoun 'who' এর Possessive form হলো whose যার অর্থ of whom বা of which. ইহা সাধারণত His, her, their এর পরিবর্তে ব্যবহৃত হয়। যেমন:

(i) This is my cousin. His father is a teacher.
→This is my cousin whose father is a teacher.

(ii) This is a girl. Her dress is beautiful.
→This is the girl whose dress is beautiful.

(iii) The other day I met someone. His brother was my friend.
→The other day I met someone whose brother was my friend.

Who vs Whom

☞ একাধিক Clause বিশিষ্ট বাক্যে who এর পূর্বে person (ব্যক্তি) থাকে এবং who এর পরে verb থাকে।যেমন

- I know Messi who plays football so well.

☞ একাধিক Clause বিশিষ্ট বাক্যে which/that এর পূর্বে animal (প্রাণী)/object (বস্তু) থাকে এবং which/that এর পরে verb থাকে।যেমন

- I have a dog which/that runs so fast.

☞ একাধিক Clause বিশিষ্ট বাক্যে whom এর পূর্বে person (ব্যক্তি) থাকে এবং whom এর পরে Noun/pronoun থাকে।যেমন

- It is I whom she loves a lot.

☞ একাধিক Clause বিশিষ্ট বাক্যে which/that এর পূর্বে animal (প্রাণী)/object (বস্তু) থাকে এবং which/that এর পরে Noun/pronoun থাকে।যেমন

- It is the ball which/that I love a lot.

Whoever vs Whomever

এই দুটির মাঝে পার্থক্য বের করার সবচেয়ে সহজ উপায় হচ্ছে নীচের পদ্ধতিটি মনে রাখা

☞ **whoever → she, he, I, they**

☞ **whomever → her, him, me, them**

নীচের উদাহরণ টি লক্ষ করুন।

- Farzana said she would run with (**whoever/whomever**) was ready.

এখন, "whoever" কে "she" এবং "whomever" কে her দ্বারা প্রতিস্থাপন করুন।

Result:

☞ **Whoever** was ready → **She** was ready

☞ **Whomever** was ready → **Her** was ready

- **<u>She was ready</u>" is the correct wording**

এজন্য, Farzana said she would run with **whoever** was ready হবে সঠিক উত্তর।

আরেকটি বাক্য দেখা যাক,

- Anika is a friend to (**whoever/whomever**) she meets.

এখন, **whoever** কে **she** এবং **whomever** কে **her** দ্বারা প্রতিস্থাপন করুন।

Result:

☞ She meets **whoever** → She meets **they**

☞ She meets **whomever** → She meets **them**

- "**<u>She meets them</u>**" is the correct wording এজন্য, Anika is a friend to **whomever** she meets হবে সঠিক উত্তর।

The use of 'Which'

☞ Relative pronoun হিসেবে 'which' বস্তু, ইতর প্রাণী বা শিশুদের পরিবর্তে Singular এবং Plural উভয় Number এর ক্ষেত্রে ব্যবহৃত হয়। যেমন:

- The moment which is lost is lost forever.
- The car which I wanted to buy was not for sale.

☞ Relative pronoun 'which' এর মাধ্যমেও দুটি Clause কে যুক্ত করা যায়। যেমন:

(i) This is an Arabian horse. I bought it recently.
→ This is the Arabian horse which I bought recently.

(ii) This is an important rule. You need to know for a clear sense.
→This is an important rule which you need to know for a clear sense.

☞ Which কখনো কখনো পুরো একটি Clause কে নির্দেশ করতে ব্যবহৃত হয়।

- He got married again a year late which surprised everybody.
- She heard the news of her uncle's death which was shocking to her.
- It rained all night which was good for the crops.

☞ Relative pronoun এবং which Co-ordinate Clause কে পরস্পরের সাথে যুক্ত করার জন্যেও ব্যবহৃত হয়ে থাকে। যেমন:

(i) I gave him a book which I bought yesterday.
(which = and it)
→I gave him a book and I bought it yesterday.

(ii) I know the boy who came here yesterday.
→I know the boy and he came here yesterday. (who = and he)

☞ Who এবং Which অনেক সময় antecedent কে পরিষ্কার ভাবে ব্যাখ্যা ও বর্ণনা করে থাকে। যেমন-

- My brother who is a doctor has gone to America.
- The book which I bought yesterday has been lost.

The use of 'That'

Relative pronoun হিসেবে that ব্যক্তি এবং বস্তু উভয়ের পরিবর্তে Singular এবং Plural উভয় Number এর ক্ষেত্রে ব্যবহৃত হয়। যেমন:

- The man that lives next door is my cousin.
- I have lost the pen that you gave me.
- Have you forgotten the money that I lent you last week?

Relative pronoun 'that' এর মাধ্যমে দুটি Clause কে যুক্ত করা যায়।

(i) This is a book. I bought it yesterday.
→This is the book that I bought yesterday.

(ii) This is a woman. I met her last night.
→This is the woman that I met last night.

Special use of That

(i) Adjective এর Superlative degree-এর পর ব্যক্তি বা বস্তুর পরিবর্তে that ব্যবহৃত হয়। যেমন:

- He is the best boy that I have ever seen.
- Mr. Zaman is the most eloquent speaker that I have ever heard.

(ii) Some, all, the same, only, none. Nothing ইত্যাদি Word গুলোর পর ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করতে that ব্যবহৃত হয়।

- I am the only man that can do this work.
- I have nothing that I can offer you.
- This is the same person that I saw yesterday.
- He has none that will help him.

(iii) একটি ব্যক্তিবাচক ও অপরটি বস্তুবাচক এরূপ দুটি Antecedent কে নির্দেশ করতে that ব্যবহৃত হয়।

- The men and machinery were not good. They were supplied by a foreign firm.
- The men and machinery that were supplied by a foreign firm were not good.

(iv) Who এবং what- Interrogative pronoun হিসেবে ব্যবহৃত হলে, সেক্ষেত্রে Relative pronoun হিসেবে that ব্যবহৃত হয়। যেমন:

- Who are you that called me a liar?
- What is the girl's name that came here yesterday?

(v) Ordinal numeral adjective যেমন – first, second, third, fourth ইত্যাদির পর that ব্যবহৃত হয়।

- Rita is the first girl that has done her homework.

The use of 'What'

☞ What দ্বারা সাধারণত কোন বস্তুকে বুঝানো হয়। এটি Subject এবং Object উভয় হিসেবে ব্যবহার করা হয়। যেমন:

- What is done cannot be undone. (the thing that is done = subject)
- What we saw gave us quite a shock. (the thing that we saw = subject)
- Wise men don't care for what they can't have. (the thing which = object)
- He found what he was looking for. (the thing which = object)

☞ Who, which এবং that এর ন্যায় what দ্বারাও দুটি Clause কে সংযুক্ত করা যায়। যেমন:
He has done the work. He has told me this.
→He has told me what he has done.

বি.দ্র:

(i) বাক্যের শুরুতে অনেক সময় what বসানো হয় গুরুত্ব বোঝানোর জন্য। যেমন:

- What I have seen is frightening. (I have seen something. It is frightening).
- What I need is a job. (I need a job and that is important thing)
- What I really like to do is to live in London. (I like to live in London and that is the important thing)

(ii) Everything এবং all এর পরে what ব্যবহার করা হয় না। যেমন:

- I can't do everything I want. (not, everything what I want)
- They do all they can help her. (not, all what they can)

05. Demonstrative Pronoun

☞ যে সকল Pronoun কোন ব্যক্তি বা বস্তুর পরিবর্তে বসে উহাকে নির্দেশ করে, তাদেরকে Demonstrative Pronoun বলে। This, that, these, those, so, such, same ইত্যাদি সাধারণত Demonstrative Pronoun হিসেবে ব্যবহৃত হয়। যেমন:

- This is my book and that is your book.
- These are ripe mangoes and those are green mangoes.
- Both cars are good, but this is better than that.

বি.দ্র: Demonstrative Pronoun যখন কোন noun এর পূর্বে বসে তখন তাকে Demonstrative adjective বলে। যেমন:

- These pencils are new. এখানে 'These' demonstrative adjective.
- Such is the result of treachery. এখানে 'Such' demonstrative pronoun.
- All such people ought to be avoided. এখানে 'such' demonstrative adjective

The uses of some Demonstrative Pronouns

☞ **This/these, that/those:** সাধারণত নিকটবর্তী কোন ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করতে Singular noun এর ক্ষেত্রে this এবং Plural noun এর ক্ষেত্রে these ব্যবহৃত হয়। দূরবর্তী কোন ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করতে Singular noun এর ক্ষেত্রে that এবং Plural noun এর ক্ষেত্রে those ব্যবহৃত হয়। যেমন:

- This is my pen and that is yours.
- These are good books but those are not so good.

কখনও কখনও পূর্ববর্তী কোন Clause এর পরিবর্তে this বা that ব্যবহৃত হয়। যেমন:

- He worked all day long and this made him tired. **Or,** He worked all day long and that made him tired.
- He went to market on foot and this made him tired. **Or,** He went to market on foot and that made him tired.

পূর্ববর্তী কোন ব্যক্তি, বস্তু বা ঘটনার পুনরাবৃত্তি করতে পূর্ববর্তীটির ক্ষেত্রে this এবং পরবর্তীটির ক্ষেত্রে that ব্যবহৃত হয়। এক্ষেত্রে 'this' এবং 'that' adjective হিসেবে গণ্য হয়। যেমন:

- Shima and Rina are students. This Shima is the first girl and that Rina is the second girl in the class.
- Virtue and vice are before us. This virtue leads to happiness and that vice to misery.

☞ **That of/those of:** একই জাতীয় ব্যক্তি বা বস্তুর মধ্যে তুলনা করার সময় পূর্ববর্তী একই ব্যক্তি বা বস্তুর পুনরাবৃত্তি এড়ানোর জন্য Singular noun এর ক্ষেত্রে that of এবং plural noun এর ক্ষেত্রে those of ব্যবহৃত হয়। যেমন:

- The climate of Dhaka is better than that of Chittagong.
- The mangoes of Rajshahi are better than those of Dinajpur.

☞ **Such/Same:** 'সেভাবে বা সেরূপ' অর্থে পূর্ববর্তী কোন Noun কে নির্দেশ করতে Such ও Same ব্যবহৃত হয়। Such এর পূর্বে এবং Same এর পরে সাধারণত as বসে। যেমন:

- I will do the same again. He did the same as his brother did.

তবে 'The same' কখন কখনও Adjective হিসেবে ব্যবহৃত হয়। যেমন:

- I bought the same car as yours.
- We have lived in the same house for twenty years.

☞ **So:** Demonstrative pronoun হিসেবে 'so' desire, hope, want, say, think, tell, treat, demand প্রভৃতি Verb-এর পরে ব্যবহৃত হয়। যেমন:

- He thinks you a fool, but I never think you so.
- He said so, I do not think so. Do not tell me so.

'So' তবে কখনও কখনও adverb এবং conjunction হিসেবেও ব্যবহৃত হয়। যেমন:

- He was so angry that he couldn't speak. (so used as an adverb)
- The shops were closed, so I didn't get any milk. (so used as a conjunction)

06. Interrogative Pronoun

Who, Which অথবা What; যখন কোন প্রশ্ন জিজ্ঞেস করতে ব্যবহৃত হয়ে থাকে তখন সেগুলোকে Interrogative pronoun বলে। Relative pronoun ও Interrogative pronoun গুলো একই। পার্থক্য হলো Interrogative pronoun গুলো কোন প্রশ্ন করতে ব্যবহৃত হয়। পক্ষান্তরে Relative pronoun গুলো দুটি Clause কে যুক্ত করতে ব্যবহৃত হয়। যেমন:

- Which of the pictures do you like best?
- What has happened to you?

☞ **Who:** ব্যক্তির পরিবর্তে Interrogative sentence-এ who ব্যবহৃত হয়। 'who' subject এবং object উভয় ক্ষেত্রে ব্যবহৃত হয়। যেমন:

- Who discovered America? (as subject)
- Who did you invite for lunch? (as object)
- Who are you talking about? (as object of the preposition)

বি.দ্র:

(i) Who এর object form হলো whom. কাকে প্রশ্ন করতে whom ব্যবহৃত হয়। যেমন:

- Whom have you invited?
- Whom were you speaking to?
- Whom did you see yesterday?
- 'Who' Possessive form 'whose'

(ii) 'Who' এর possessive form হলো 'whose' 'কার' বা 'কাদের'প্রশ্ন করতে whose ব্যবহৃত হয়। যেমন:

- Whose pen is this? Whose house is that?

☞ **Which:** কোন কিছু বেছে নেওয়ার জন্য ব্যক্তি বা বস্তু উভয় ক্ষেত্রেই Which ব্যবহৃত হয়। যেমন:

- Which is your book?
- Which is the hottest country in the world?
- Which of the pens is yours?
- Which is the easy way to the park?

☞ **What:** সাধারণত 'কী' ইহা জানার জন্য What ব্যবহৃত হয়। যেমন:

- What did he do for you?
- What is sweeter than honey?
- What is wrong with you?
- What do you want?

07. Distributive Pronoun

যে সকল Pronoun দুই বা তাতোধিক একই জাতীয় ব্যক্তি বা বস্তুর প্রত্যেককে পৃথক ভাবে নির্দেশ করে তাদেরকে Distributive pronoun বলে। সাধারণত Each, either, neither-Distributive pronoun হিসেবে ব্যবহৃত হয়। যেমন:

- Either of the two girls will be awarded.
- Neither of the students could pass the examination.

বি.দ্র: Distributive pronoun এর পরে সাধারণত of + noun/pronoun এর plural number বসে।

The uses of some Distributive Pronouns

☞ **Each:** দুই বা ততোধিক ব্যক্তি বা বস্তুর প্রত্যেককে পৃথক পৃথক ভাবে বুঝাতে Each ব্যবহৃত হয়। Each of এর পরে ব্যবহৃত Noun/Pronoun এর Plural number এবং Verb এর Singular number হয়। যেমন:

- Each of the students has got a prize.
- I bought each of these pens from market.

বি.দ্র: Noun এর পূর্বে সংখ্যা বাচক শব্দ ব্যবহৃত হলে 'Each', sentence এর শেষে ব্যবহৃত হয়। যেমন:

- They received ten taka each.
- I bought these mangoes for five taka each.
- These shoes cost five thousand taka each.

☞ **Either:** দুটি ব্যক্তি বা বস্তুর যে কোন একটিকে নির্দেশ করতে Either ব্যবহৃত হয়। Either এর পরবর্তী Noun বা Pronoun এর Plural number এবং Verb এর Singular number হয়। যেমন:

- Either of the two girls will get a prize.
- Either of the two boys is intelligent.
- Either of the roads will lead you to the destination.

☞ **Neither:** Either এর Negative form হলো Neither. দুটির একটিও নয় এরূপ বুঝাতে Neither ব্যবহৃত হয়। Neither এর পরবর্তী Noun বা Pronoun এর Plural number এবং Verb, Singular number হয়। যেমন:

- Neither of the boys can do the work.
- Neither of the two girls was late.
- Neither of the students has written the answer correctly.

বি.দ্র:

(i) Each, either ও neither এর পরে Noun ব্যবহৃত হলে সেক্ষেত্রে Each, either ও neither কে Adjective হিসেবে গণ্য করা হয়। যেমন:

- Each boy got a prize.
- Neither accusation is true.

(ii) Each, either ও neither এর পরে of+noun/pronoun থাকলে সেক্ষেত্রে Each, either ও neither-কে pronoun হিসেবে গণ্য করা হয়। যেমন:

- Either of the pens is new. (here either is Pronoun)
- Neither of the pens writes well. (here neither is Pronoun)

তবে, অনেক সময় Each এর পরে Singular noun ও Singular verb ব্যবহৃত হয় এবং Each, either ও neither + of এর পরে Plural noun/pronoun ও Singular verb ব্যবহৃত হয়।

(iii) দুই এর অধিক ব্যক্তি/বস্তুর ক্ষেত্রে either এর পরিবর্তে anyone এবং neither এর পরিবর্তে none ব্যবহৃত হয়। যেমন:

- I have many books, you can take anyone. (not either)
- I have three pens but none of them is good. (not neither)

(iv) Both, some, several, most, none, any ইত্যাদি Indefinite এবং Distributive উভয় Pronoun হিসেবে ব্যবহৃত হতে পারে।

- None have done the work. (indefinite pronoun)
- None of them have done the work. (distributive pronoun)
- Some are born great, some are born poor. (indefinite pronoun)
- Some of them are working in the field. (distributive pronoun)
- He has two brothers, both live in England. (indefinite pronoun)
- He has brothers, both of them live in England (distributive pronoun)

08. Reciprocal Pronouns

যে সকল Pronouns দ্বারা দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে পারস্পরিক সম্পর্ক বুঝায় তাকে Reciprocal Pronoun বলে। Each other, one another–Reciprocal pronoun হিসেবে ব্যবহৃত হয়। যেমন:

- The two boys never hate each other.
- They always love one another.
- The two people quarreled with each other.
- They stood against one another.

Each other	দু'জনের মধ্যে সম্পর্ক
One another	দুইয়ের অধিক জনের মধ্যে সম্পর্ক

Note:

☞ 1st, 2nd ও 3rd person pronoun এক বাক্যে বসলে প্রথমে 2nd + 3rd +1st person অনুযায়ী বসবে (সূত্র: 231)। যেমন:

- You, he and I have done it.

☞ কিন্তু দোষ স্বীকার করা হলে বাক্যে 1st + 2nd + 3rd অনুযায়ী person বসবে (সূত্র: 123)। যেমন:

- I, you and he are guilty.

09. Possessive Pronouns

